

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-২৪

তারিখঃ ১৮/০৪/২০০৭ইং

সকল তফসিলী ব্যাংক

ও

সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

একুইটি এন্ড অস্টিয়াপ্যানারশীপ ফান্ড (ইইএফ) ।

উপরোক্ত বিষয়ে ইইএফ সার্কুলার নং-৬, তারিখ-২৪/০৬/২০০২ ইং ও সার্কুলার নং-১২, তারিখ-১৭/০৪/২০০৩ ইং এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত ৬ নং সার্কুলারের ০৬.৭ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা নিম্নরূপ :

“সমমূলধন সহায়তা ভোগকালীন সময়ে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কোম্পানীর পর্ষদের সভায় বা শেয়ারহোল্ডারদের সভায় ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক এর পক্ষে প্রতিনিধিত্ব করবে । প্রতিনিধি মনোনয়নের দায়িত্ব পালন করবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান । পর্ষদ সভায় উপস্থিত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধিকে ব্যক্তিগত নামে কোম্পানীর শেয়ার ধারণ করতে হবে না এবং কোম্পানীর দায়দেনা পরিশোধে তাঁকে কোন গ্যারান্টি প্রদান করতে হবে না অথবা কোম্পানীর খেলাপী দায়দেনার জন্য তাঁকে ঋণখেলাপী গণ্য করা হবে না । কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনে এ সংক্রান্ত প্রয়োজনীয় বিধান রাখতে হবে । কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশনের কোন বিধানের পরিপন্থী পরিলক্ষিত হলেও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধির উপস্থিতি ব্যতিরেকে কোম্পানীর পর্ষদের অথবা শেয়ারহোল্ডারদের সভার কোরাম পূর্ণ হবে না । কোম্পানীকে প্রতি ত্রৈমাসিকে ন্যূনতম একটি পর্ষদ সভা করতে হবে । ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান প্রকল্প বাস্তবায়ন ও কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রম নিয়মিত মনিটরিং বা তদারকী করবে এবং প্রতি ত্রৈমাসিকান্তে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে ইইএফ ইউনিটকে তা অবহিত করবে ।”

উপরোক্ত নির্দেশনাটি ইইএফ সার্কুলার নং-১২ তারিখ-১৭/০৪/২০০৩ এর ০৪ নং অনুচ্ছেদ দ্বারা নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হয়েছিল :

“কোম্পানীর পরিচালনা পর্ষদের অনুষ্ঠেয় সভার লিখিত নোটিশ (আলোচ্যসূচীসহ) সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধির নিকট সাধারণ সভার ক্ষেত্রে সভা অনুষ্ঠানের ০৩ (তিন) কার্যদিবস পূর্বে এবং বিশেষ/জরুরী সভার ক্ষেত্রে ১ (এক) কার্যদিবস পূর্বে প্রেরণ করতে হবে । একই সংগে উক্ত নোটিশের কপি (আলোচ্যসূচীসহ) ইইএফ ইউনিটে প্রেরণ করতে হবে । সংশ্লিষ্ট প্রতিনিধি অথবা ইইএফ ইউনিট কর্তৃক নোটিশটি গৃহীত হলে তা যথাযথভাবে প্রেরিত হয়েছে বলে গণ্য করা হবে এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধির অনুপস্থিতিতে সভার কার্যক্রম আলোচ্যসূচী অনুসারে সম্পন্ন করা যাবে ।”

এক্ষণে উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে সার্কুলার নং-১২ তারিখঃ ১৭ এপ্রিল, ২০০৩ এর ০৪ নং অনুচ্ছেদ রহিত করা হলো এবং তদস্থলে সার্কুলার নং-৬ তারিখঃ ২৪ জুন, ২০০২ এর অনুচ্ছেদ ০৬.৭ এর নির্দেশনা সংশোধিত আকারে নিম্নরূপভাবে পুনঃবহাল করা হলো :

“সম্মূলধন সহায়তা ভোগকালীন সময়ে কোম্পানীর পর্ষদ সভায়, বিশেষ সাধারণ সভায় এবং বার্ষিক সাধারণ সভায় সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংক এর পক্ষে প্রতিনিধিত্ব করবে। প্রতিনিধি মনোনয়নের দায়িত্ব পালন করবে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান। পর্ষদ সভায় উপস্থিত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধিকে ব্যক্তিগত নামে কোম্পানীর শেয়ার ধারণ করতে হবে না এবং কোম্পানীর দায়দেনা পরিশোধে তাঁকে কোন গ্যারান্টি প্রদান করতে হবে না অথবা কোম্পানীর খেলাপী দায়দেনার জন্য তাঁকে ঋণখেলাপী গণ্য করা হবে না। কোম্পানীর মেমোরেণ্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনে এ সংক্রান্ত প্রয়োজনীয় বিধান রাখতে হবে। কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশনের কোন বিধানের পরিপন্থী পরিলক্ষিত হলেও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধির উপস্থিতি ব্যতিরেকে কোম্পানীর পর্ষদের অথবা শেয়ারহোল্ডারদের সভার কোরাম পূর্ণ হবে না। কোম্পানীকে প্রতি ত্রৈমাসিকে ন্যূনতম একটি পর্ষদ সভা করতে হবে। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান প্রকল্প বাস্তবায়ন ও কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রম নিয়মিত মনিটরিং বা তদারকী করবে এবং প্রতি ত্রৈমাসিকান্তে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে ইইএফ ইউনিটকে তা অবহিত করবে।”

উক্ত সার্কুলারদ্বয়ের (সার্কুলার নং-৬ ও ১২) এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(এ, টি, এম, ফজলে রব)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১৬৩৬৫০